BENGALI — Part - I (HONOURS) 2009

Paper – I

Duration : 4 Hours] [Maximum Marks : 80

Write the answers to each Half / Group in the answer-book provided separately.

Candidates are required to give their answers in their own words as far as practicable.

The figures in the margin indicate full marks.

Half / Group

(উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়)

(বাংলা সাহিত্যের ইতিহাস)

১। প্রাচীন বাংলার আদি নিদর্শন কী ? কে, কোথা থেকে কবে সেটি আবিষ্কার করেছিলেন ? এই নিদর্শনটির ভিতর সমকালীন সমাজের যে ছবি ফুটে উঠেছে তা বর্ণনা করুন । ১ + ১ + ১ + ১ + ৮

অথবা

চণ্ডীমঙ্গল কাব্যের শ্রেষ্ঠ কবির নাম লিখুন । তাঁর কাব্যটির নাম কী ? তাঁর কবিপ্রতিভার পরিচয় দিন । ১ + ১ + ১০

২। রামরাম বসু ও মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কারের গ্রন্থগুলির নাম উল্লেখ করুন । বাংলা গদ্যের বিকাশে মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কারের অবদান বুঝিয়ে দিন । ৩ + ৯

অথবা

বিহারীলাল চক্রবর্তীকে বাংলা গীতিকবিতার ইতিহাসে 'ভোরের পাখি' বলার তাৎপর্য বুঝিয়ে দিন । ১২

৩। আধুনিক বাংলা কাব্যধারায় কাজী নজরুল ইসলামের স্বাতন্ত্র্য তাঁর প্রধান কাব্যগ্রন্থগুলির আলোচনার সাহায্যে পরিস্ফুট করুন ।

অথবা

বিভূতিভূষণ যে বিচিত্র ধরনের উপন্যাস লিখেছেন তার পরিচয় দিন । ঔপন্যাসিক বিভূতিভূষণ সম্বন্ধে সংক্ষেপে আলোচনা করুন ।

৪। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১ × ৮ = ৮

ক) কৃত্তিবাসের রামায়ণকে অনুবাদ বলা যায় কি ? কৃত্তিবাসের রামায়ণের জনপ্রিয়তার কারণ কী ? ৩ + ৫

খ) বঙ্কিমচন্দ্রের সামাজিক উপন্যাসগুলির বিষয়ে সংক্ষেপে আলোচনা করুন ।

গ) 'হিতবাদী' ও 'সাধনা' পর্বে রচিত রবীন্দ্রনাথের ছোটগল্প নিয়ে একটি সংক্ষিপ্ত আলোচনা করুন ।

৫। প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে যে-কোনো **তিনটি** গ্রন্থের সংক্ষিপ্ত পরিচয় দিন ঃ ৩ × ৪ = ১২

(গ্রন্থকারের নাম, কী জাতীয় গ্রন্থ, গ্রন্থের বিষয়বস্তু, তাৎপর্য ও ঐতিহাসিক গুরুত্ব নির্দেশ করতে হবে)

ক) শ্রীকৃষ্ণবিজয়, শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত, পদ্মাবতী ।

খ) বেতালপঞ্চবিংশতি, নীলদর্পণ, বীরাঙ্গনা কাব্য ।

গ) পুনশ্চ, তিতাস একটি নদীর নাম, ছেঁড়া তার ।

(বাংলা ভাষার ইতিহাস)

৬। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১ × ১২ = ১২

ক) প্রাচীন বাংলাভাষার সময়সীমা নির্দেশ করুন । প্রাচীন বাংলার ভাষাতাত্ত্বিক লক্ষণগুলি আলোচনা করুন । ২ + ১০

খ) "বাঙ্গালা শব্দ প্রধানত দুই জাতির, মৌলিক এবং আগন্তুক ।" মৌলিক এবং আগন্তুক শব্দ কাকে বলে ? মৌলিক শব্দ বিষয়ে একটি সংক্ষিপ্ত আলোচনা করুন । ৩ + ৯

গ) শব্দার্থ পরিবর্তনের প্রধান ধারাগুলি উল্লেখ করে সেগুলির সংক্ষিপ্ত পরিচয় দিন ।

৭। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১ × ১২ = ১২

ক) উপযুক্ত উদাহরণসহ সংজ্ঞা নির্দেশ করুন (যে কোনো **চারটি**) ঃ ৪ × ৩ = ১২

বিপ্রকর্ষ বা স্বরভক্তি, স্বরসঙ্গতি, ঘোষীভবন, সঙ্কর শব্দ (Hybrid word) , সমাক্ষরলোপ, অল্পপ্রাণীভবন, লোকনিরুক্তি ।

খ) যে কোনো **চারটি** শব্দের ভাষাতাত্ত্বিক টীকা লিখুন ঃ ৪ × ৩ = ১২

আলতা, গাঙ, ঢাকা, ছাউনি, ছাতিম, বাঘ, ভাত, মাছ ।

BENGALI — Part - I (HONOURS) 2009

Paper – II

Duration : 4 Hours] [Maximum Marks : 80

Write the answers to each Half / Group in the answer-book provided separately.

Candidates are required to give their answers in their own words as far as practicable.

The figures in the margin indicate full marks.

Half / Group

(উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়)

১। উপন্যাস ও ছোটগল্পের পার্থক্য উদাহরণ দিয়ে বুঝিয়ে দিন। ৮ + ৮

অথবা

যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ

ক) ঐতিহাসিক উপন্যাস কাকে বলে ? একটি সার্থক ঐতিহাসিক উপন্যাসের পরিচয় দিন। 3+5

খ) রাজনৈতিক উপন্যাস বলতে কী বোঝেন ? এই ধরনের উপন্যাসের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করুন। বাংলা সাহিত্যের বিখ্যাত দুটি রাজনৈতিক উপন্যাসের নাম লিখুন। ৩ + ৩ + ২

গ) উপকাহিনী কাকে বলে ? উপন্যাসের প্লটে উপকাহিনীর গুরুত্ব কী তা আপনার পাঠ্য উপন্যাসের উপকাহিনীর সাহায্যে বুঝিয়ে দিন। ৩ + ৫

ঘ) সামাজিক উপন্যাস ও আঞ্চলিক উপন্যাসের মধ্যে মিল ও পার্থক্য বুঝিয়ে দিন। ৮

২। ক) ইতিহাসের প্রেক্ষাপটে রচিত হলেও 'চন্দ্রশেখর' ঐতিহাসিক উপন্যাস নয়, মূলত সামাজিক ও মনস্তত্ত্বমূলক উপন্যাস। — এই মন্তব্যের যৌক্তিকতা বিচার করুন। ১২

অথবা

বঙ্কিমচন্দ্র শৈবলিনীকে পাপীয়সী হিসাবে দেখিয়েছেন। তৎকালীন সামাজিক দৃষ্টিতে শৈবলিনীর পাপের যে পরিচয় প্রকাশিত হয়েছে তার উল্লেখ করুন। মনস্তাত্ত্বিক বিচারে শৈবলিনীকে কি পাপীয়সী বলা যায় ? ৯ + ৩

খ) 'শেষের কবিতা' উপন্যাসে সমকালীন রবীন্দ্র বিরোধিতার যে ছবি ফুটে উঠেছে তার পরিচয় দিন ।

'শেষের কবিতা' উপন্যাসে অমিত-লাবণ্যের সম্পর্কের যে পরিণতি দেখানো হয়েছে তা কতখানি কাঙ্ক্ষিত ও শিল্পসম্মত হয়েছে লিখুন । ১২

গ) 'শ্রীকান্ত'কে কোন্ শ্রেণির রচনা বলা যায়, ভ্রমণকাহিনী না আত্মজীবনীমূলক উপন্যাস ? যুক্তি দিয়ে বুঝিয়ে দিন । ১২

'শ্রীকান্ত' উপন্যাসে রাজলক্ষ্মী চরিত্রে দেহাতীত প্রেমের অসাধারণত্বের যে পরিচয় পান, উপন্যাসের ঘটনাবলী বিশ্লেষণ করে তা দেখান । ১২

ঘ) "কাহারকুলের জীবনকাহিনীর মধ্য দিয়া লেখক একটি আমূল সংস্কৃতি বিপর্যয়ের ইতিহাস লিপিবদ্ধ করিয়াছেন ।" — কাহারকুলের জীবনকাহিনী ও সংস্কৃতি বিপর্যয়ের স্বরূপটি বিবৃত করে সমালোচকের বক্তব্যের যাথার্থ্য নিরূপণ করুন ।

'হাঁসুলি বাঁকের উপকথা'য় উন্নততর জীবন নীতির প্রতীক করালীকে প্রাচীন পন্থীদের সঙ্গে যেভাবে দ্বন্দ্বের মধ্য দিয়ে এগিয়ে যেতে হয়েছে তার পরিচয় দিন । ১২

৩। ক) "তিনি গৃহস্থ, অথচ সংসারী নহেন ।" — কার কথা বলা হয়েছে ? মন্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করুন । ১ + ৩

"হায় ব্রহ্মচারী ঠাকুর, গ্রন্থগুলি কেন পোড়াইলে ? সব গ্রন্থ ভস্ম হয়, হৃদয়-গ্রন্থ ত ভস্ম হয় না ।" — কার উক্তি ? তিনি কখন একথা বলেছেন ? গ্রন্থ পোড়ানোর কারণ উল্লেখ করুন । ১ + ১ + ২

খ) "বাড়ির চালটা প্রায় ভারতবর্ষ বললেই হয় । অংশগুলোর মধ্যে সম্বন্ধটা আলাদা ।" — কে কাকে একথা বলেছে ? ভারতবর্ষের সঙ্গে বাড়ির চালটার তুলনার তাৎপর্য কী ? ২ + ২

"মিতা, ত্বমসি মম জীবনং, ত্বমসি মম ভূষণং
ত্বমসি মম ভবজলধিরত্নম্"

— কে কখন কোথায় একথা লিখে দিল ? শ্লোকটির রচয়িতা কে ? ১ +১ +১ +১

গ) "আর কামড়ালেই বা কী করব ? মরতে ত একদিন হবেই ভাই ।" — কোন্ প্রসঙ্গে কে বলেছে ? একথায় বক্তার চরিত্রের কোন্ দিকটি প্রকাশিত হয়েছে ? ২ + ২

"তাঁহার প্রচণ্ড শাসনে এক মুহূর্ত কাহারো সময় নষ্ট করিবার জো ছিল না ।" — কার শাসন ? সময় বাঁচানোর জন্য তাঁর যে প্রয়াস তার পরিচয় দিন । ১ + ৩

ঘ) "কত্তা হেসে বললেন — ওরে বেটা, ভয় নাই, বাস্ । তুই ডুববি না ।" — কত্তা কে ? কাকে বলেছেন ? প্রসঙ্গ উল্লেখ করুন । ১ + ১ + ২

"আমি জানি না তোমার বেবরণ ; লয় ? তুমি নিজে মুখে আমাকে বল নাই তোমার অঙের কথা ।" কে, কাকে একথা বলেছে ? মন্তব্যটি বুঝিয়ে দিন । ১ + ১ + ২